

ঢাকার ইস্কাটনস্ট্র এ্যাভাকাস কনভেনশন সেন্টারে (৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, রমনা) ৫ জুন ২০১৮ বেলা ০৩.০০ ঘটিকায় ২০১৬ সালের জন্য নির্বাচিত বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) (অনাবাসী বাংলাদেশি) কে সম্মাননা কার্ড প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, প্রবাসী বাংলাদেশিদের প্রেরিত রেমিটেন্স প্রবাহের ধারাবাহিকতায় অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে বাংলাদেশ বিশ্বের মানচিত্রে একটি মর্যাদাপূর্ণ রাষ্ট্র হিসেবে নিজেকে তুলে ধরতে সক্ষম হয়েছে। মন্ত্রী প্রবাসী বাংলাদেশিদের বৈধ চ্যানেলে রেমিটেন্স প্রেরণকারী ও বাংলাদেশি পণ্য আমদানীকারকদের পাশাপাশি দেশে শিল্পক্ষেত্রে বিনিয়োগ করার আহ্বান জানান। এ প্রসঙ্গে মন্ত্রী বলেন, পূর্বের যে কোন সময়ের চেয়ে দেশে এখন শিল্পক্ষেত্রে বিনিয়োগের সুষ্ঠু পরিবেশ বিরাজ করছে। প্রবাসী কল্যাণ মন্ত্রী আরও বলেন, বর্তমান সরকারের আমলে রেমিটেন্স-এর প্রবাহ বৃদ্ধি পেয়েছে এবং বৈদেশিক রিজার্ভ বৃদ্ধি পেয়েছে। আমার বিশ্বাস বৈধপথে রেমিটেন্স প্রেরণ করলে বৈদেশিক রিজার্ভের পরিমাণ আরও বৃদ্ধি পাবে।

সিআইপি সম্মাননা কার্ড বিতরণ অনুষ্ঠানে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি'র সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ আমিনুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি। বিশেষ অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী বলেন, প্রবাসী বাংলাদেশিরা বাংলাদেশের সামগ্রিক উন্নয়নের অগ্রযাত্রায় অবদান রাখছেন। তিনি আরও বলেন, প্রবাসী বাংলাদেশিদের বিভিন্ন সমস্যা সমাধানে সিআইপিগণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন। অনুষ্ঠানে সিআইপিগণের পক্ষ থেকে সম্মানিত সিআইপি সংযুক্ত আরব আমিরাতের মোছাম্মৎ জেসমিন আক্তার ও মোহাম্মদ মাহাতবুর রহমান বৈধ চ্যানেলে সর্বাধিক রেমিটেন্স প্রেরণকারী (অনাবাসি বাংলাদেশি) হিসেবে বক্তব্য রাখেন। সংযুক্ত আরব আমিরাতের মোহাম্মদ সেলিম বিদেশে বাংলাদেশি পণ্য আমদানিকারক (অনাবাসি বাংলাদেশি) হিসেবে অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ সরকার ২০১৬ সালের জন্য “বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনাবাসি বাংলাদেশি” ক্যাটাগরিতে ২৯ (উনত্রিশ) জন এবং “বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক অনাবাসি বাংলাদেশি” ক্যাটাগরিতে ০৬ (ছয়) জনসহ ৩৫ (পঁয়ত্রিশ) জনকে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) হিসাবে নির্বাচন করা হয়েছে। তবে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগ ক্যাটাগরিতে কেউ আবেদন না করায় এক্ষেত্রে কাউকে সিআইপি সম্মাননা প্রদান করা যায়নি। ২০১৬ সালের নির্বাচিত বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তিদের (সিআইপি) (অনাবাসি বাংলাদেশি) তথ্য পর্যালোচনায় দেখা যায়, সংযুক্ত আরব আমিরাত হতে ১৩ জন, ওমান হতে ০৬ জন, যুক্তরাজ্য থেকে ০৩ জন, কাতার থেকে ০৩ জন এবং অস্ট্রেলিয়া, জাপান, সিঙ্গাপুর ও হংকং থেকে ১ জন করে সর্বাধিক বৈধ চ্যানেলে বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনাবাসী বাংলাদেশি সিআইপি নির্বাচিত হয়েছে। বিদেশে বাংলাদেশি পণ্য আমদানিকারক অনাবাসী বাংলাদেশি হিসেবে ০৬ জন সিআইপির মধ্যে সংযুক্ত আরব আমিরাতের ০২ জন এবং ওমান, রাশিয়া, কুয়েত ও কাতার থেকে ১ জন করে নির্বাচিত হয়েছেন। এখানে উল্লেখ্য তিনটি ক্যাটাগরির মধ্যে শিল্পক্ষেত্রে বিনিয়োগকারী ক্যাটাগরিতে ২০জন, বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী ক্যাটাগরিতে ৫০জন এবং বিদেশে বাংলাদেশি পণ্য আমদানিকারক ক্যাটাগরিতে ২০জনকে সিআইপি নির্বাচন করার সুযোগ রয়েছে। অনুষ্ঠানে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও এর দপ্তর/সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।



